গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রাণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মানব সম্পদ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.১২০.০১১.০০.০০.৬৮.২০২০-১০৭ তারিখঃ-২৬/১১/২০২০খ্রিঃ

বিষয়ঃ- বিষয়ঃ বিষয়টি এইচআরডি ওপির আওতায় আউটসোর্সিং এর মাধ্যমে একজন গাড়ী চালক ও একজন অফিস সহায়ক নিয়োগ ওয়েব সাইটে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ে এইচআরডি ওপির আওতায় আউটসোর্সিং এর মাধ্যমে একজন গাড়ী চালক ও একজন অফিস সহায়ক নিয়োগের বিষয়ে অনুমোদিত বিজ্ঞপ্তির কপি (এক) ০১ প্রস্থ এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত নোটিশটি জরুরি ভিত্তিতে সর্বসাধারনের জ্ঞাতার্থে সংশ্লিষ্ট নোটিশ বোর্ডসমূহ ও ওয়েব সাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে, কপি (এক) ০১ প্রস্থ।

26/11/2020

(মোঃ ছরোয়ার হোসেন)
উপসচিব (জিএনএসপি)
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম
ফোন-৯৫৪৬৬৯৮
E-mail: mohfwhrm.gov.bd@gmail.com

সিস্টেম এনালিস্ট,
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।

অনুলিপিঃ

১। যুগ্মসচিব (এইচআর), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম (সচিব মহোদয়ের অবগতির জন্য)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও লাইন ডাইরেক্টর, এইচআরডি মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম। (মহোদয়ের অবগতির জন্য।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
মানব সম্পদ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.১২০.০১১.০০.০০.৬৮.২০২০-১০৬ তারিখঃ-২৬/১১/২০২০খ্রিঃ

আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের, স্বাস্থ্য সেবা বিভাগের হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, অপারেশনাল প্ল্যান এর অধীনে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহন নীতিমালা-২০১৮ মোতাবেক নিম্নোক্ত পদসমূহে জনবল নিয়োগ করা হবে:

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড	সর্বসাকুল্যে মাসিক বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	অফিস সহায়ক	০১	গ্রেড-২০	১৭,৬১০/-	ন্যূনতম এসএসসি/সমমান পাস
০২.	ড্রাইভার	০১	গ্রেড-১৬	১৮,৬১০/-	(ক) ন্যূনতম ৮ম শ্রেণী পাস (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স, (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।

আবেদনের শর্তাবলীঃ

১। নিয়োগপ্রাপ্ত জনবলের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখার স্মারক নং-০৭.১৫৩.০২৯.০৭ ০০.০১.২০১৯-২৫৯ তারিখ-১০/০৬/২০১৯ খ্রিঃ মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত টাকা পরিশোধ করা হবে।

২। পিপিআর-২০০৮, পিপিএ-২০০৬ অনুযায়ী জনবল নির্বাচন করা হবে।

৩। অফিস সহায়কের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/ কাউন্সিলের প্রদত্ত নাগরিকত্বের সনদ ও মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে সাময়িক সনদ এবং গেজেটের মূল কপি থাকতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভা মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে।

৪। ড্রাইভার এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং লাইসেন্স, অভিজ্ঞতা সদন এর সত্যায়িত কপি, ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/ কাউন্সিলের প্রদত্ত নাগরিকত্বের সনদ ও মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে সাময়িক সনদ এবং গেজেটের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভা মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে। ড্রাইভার নিয়োগের বিষয়টি অভিজ্ঞতা ও তার গাড়ি চালানোর দক্ষতা (Practical test) এর উপর প্রাধান্য দেয়া হবে। পূর্বে গাড়ি চালানোকালীন সময়ে কোন অপরাধ/বেআইনি কর্মকান্ডে লিপ্ত থাকা বা কোন ফৌজদারি অপরাধে দন্ডিত থাকা ব্যক্তিকে ড্রাইভার হিসেবে নিয়োগ করা যাবে না।

৫। আবেদনকারীকে “আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, মানব সম্পদ উন্নয়ন ইউনিট, স্বাপকম” এর অনুকূলে উভয় পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) এর মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬। আবেদন আগামী ১২/১২/২০২০ তারিখ বেলা ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে "অতিরিক্ত সচিব (প্রশাসন) ও লাইন ডাইরেক্টর, এইচআরডি, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (ভবন নং-৩, কক্ষ নং-৩২৩, ৪র্থ তলা)" বরাবর আবেদন দাখিল করা যাবে।

৭। ২৬/১১/২০২০খ্রি তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শাররীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।

৮। দুইটি পদের জন্য পরীক্ষা গ্রহণ করা হবে। ড্রাইভার পদের জন্য ব্যবহারিক (Practical test) পরীক্ষায় উত্তীর্ণ না হলে নিয়োগের জন্য যোগ্য হবে না।

৯। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি ও Application Form এ উল্লেখিত কাগজপত্রের মূলসনদ দাখিল করতে হবে।

১০। যেহেতু আউটসোর্সিং নীতিমালা-২০১৮ এর ভিত্তিতে অস্থায়ীভাবে নিয়োগ সেহেতু যে ব্যক্তিকে নিয়োগ করা হবে তার সাথে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট-অপারেশনাল প্ল্যান এর লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সাথে সম্পূর্ণ অস্থায়ী চুক্তি হবে বিধায় এই নিয়োগ কোনক্রমেই সরকারি নিয়োগ হিসেবে গণ্য করা যাবে না। কেউ সরকারি নিয়োগ হিসেবে দাবি করলেও তা অবৈধ ও আইনত অগ্রাহ্য হিসেবে গণ্য হবে।

১১। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারির অদক্ষতা, অবহেলার কারণে অত্র সংস্থার কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে তার দায় নিয়োগপ্রাপ্তকে বহন করতে হবে।

১২। স্বহস্তে লিখিত/টাইপকৃত আবেদনপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও অভিজ্ঞতার প্রমাণকের সত্যায়িত কপি আবেদনপত্রে সংযুক্ত করতে হবে।

১৩। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ে যাদের আবেদন বিবেচিত হবে কেবলমাত্র তাদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরুপ টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। আউটসোর্সিং এর মাধ্যমে আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহন নীতিমালা ২০১৮ ও আউটসোর্সিং এর বিষয়ে সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসারে সেবাগ্রহীতার সাথে সেবাদাতার চুক্তি পরিচালিত হবে।

১৫। সার্ভিস গ্রহীতার সাথে সরাসরি চুক্তি সম্পাদিত হবে। কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১৬। নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তি বেতন কলামে পদের বিপরীতে বর্ণিত বেতন ব্যতিত অন্য কোন আর্থিক সুবিধা দাবি করতে পারবে না। কর্মঘন্টা ও কর্মদিবস চূড়ান্ত নিয়োগের পূর্বে আলোচনা সাপেক্ষে নির্ধারণ করে সার্ভিসদাতার সাথে চূড়ান্ত চুক্তিতে অন্তর্ভুক্ত করা হবে।

১৭। যেহেতু আউটসোর্সিং পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী নিয়োগ সেহেতু নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তির চাকুরি রাজস্ব খাতে স্থানান্তরের আদৌ কোন সম্ভাবনা নেই।

১৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৯। কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে কারণ দর্শানো ছাড়া নিয়োগ প্রক্রিয়া স্থগিত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। অত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত সকল তথ্য স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে (www.hsd.gov.bd) পাওয়া যাবে।

শেখ মুজিবর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও লাইন ডাইরেক্টর, এইচআরডি,
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম
ফোন-৯৫৪৬৬৯৮
hrm@hsd.gov.bd